

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৩১.০৮.০৮৭.১৯-১৭৭

তারিখ: ৮ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ  
২২ জুন ২০২১ খ্রিষ্টাব্দ


বিষয়: বাংলাদেশ স্কাউটস আইন-২০২০ প্রণয়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৪ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয় যে, “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রগতি রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহ পরিবর্তিত প্রেক্ষাপট কোনরূপ সংশোধন/পরিমার্জন/পরিবর্ধনের আবশ্যকতা দেখা দিলে ঐগুলি রহিত না করিয়া কেবল প্রয়োজনানুগ সংশোধনের উদ্যোগ গ্রহণ সমীচীন”।

প্রস্তাবিত বাংলাদেশ স্কাউটস আইন-২০২০-এর ২৫নং অনুচ্ছেদ-এ উল্লেখ রয়েছে-

- (১) The Bangladesh Scouts Order 1972 (১৯৭২ খ্রিস্টাব্দের ৯ সেপ্টেম্বর তারিখ জারিকৃত) এবং  
The Bangladesh Boy Scouts Samity (Amendment) Ordinance, 1978  
এতদ্বারা রহিত করা হইলো;
- (২) অনুরূপ রহিতকরণের অব্যবহিত পূর্বে গৃহীত কার্যক্রম এবং এই আইন বলবৎ হইবার পূর্বে আরম্ভ হওয়া কার্যধারা  
অথবা নির্দেশনা এইরূপে প্রযোজ্য হইবে, যেন এই আইন প্রগতি হয় নাই।

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী “জাতির পিতা  
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রগতি রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহ পরিবর্তিত প্রেক্ষাপটে কোনরূপ  
সংশোধন/পরিমার্জন/পরিবর্ধনের আবশ্যকতা দেখা দিলে ঐগুলির রহিত না করিয়া কেবল প্রয়োজনানুগ সংশোধনের উদ্যোগ গ্রহণ  
সমীচীন” সিদ্ধান্তের আলোকে The Bangladesh Scouts Order 1972 পি. ও. ১১১/ ১৯৭২-প্রয়োজনানুগ সংশোধন  
করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোহামেড লায়াকত আলী)  
উপসচিব (আইন)  
দূরালাপনী:- ৯৫৪৬১০৭

প্রধান জাতীয় কমিশনার  
বাংলাদেশ স্কাউটস  
ও কমিশনার (অনুসন্ধান) দুর্বিতি দমন কমিশন  
জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন,  
কাকরাইল, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।  
৪) অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।